



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা ও বীরাজনা সংবর্ধনা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৭ ডিসেম্বর ২০২১

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা ও বীরাজনা সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন ২৭ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৪.০০ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করে। আলোচনা ও বীরাজনা সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, ত্রিশ লক্ষ শহীদের রক্ত ও দুই লক্ষ মা বোনের সম্মের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের স্বাধীনতা। যাঁদের ত্যাগের বিনিময়ে এ বিজয় অর্জিত হয়েছে বাঙালী জাতি তাঁদের প্রতি চিরকৃতজ্ঞ। তাদের আত্মত্যাগকে ভুলে গেলে চলবে না। আমাদেরকে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে মননে ধারণ করে সুখী, সমৃদ্ধ, আত্মমর্যাদাশীল ও অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণে সকলকে একযোগে কাজ করে যেতে হবে। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন এবং রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মুহসিন উদ্দীন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আবু হাসান। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে বীরাজনা মনোয়ারা বেগমকে সংবর্ধনা প্রদান করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস